দৈনিক ইত্তেফাক

তারিখ 05 SEP 1993
পৃষ্ঠা ৭ কলম ৭

# ৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে বাস-মিনিবাস হস্তান্তর

বাসস ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল শনিবার কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রদের যাতায়াতের সুবিধার জন্য প্রতিষ্ঠানের প্রধানের নিকট ৫টি বাস ও ২টি মিনিবাস হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী পাবনা সরকারী এডওয়ার্ড

(২য় পৃ: ৫-এর ক: দ্র:)

## বাস-মিনিবাস

(১ম পৃ: পর)

কলেজ, যশোর বিএএফ শাহীন কলেজ, রাজশাহী সরকারী কলেজ, সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল এবং রাঙ্গামাটি সরকারী হাইস্কুলের প্রধান শিক্ষকের নিকট বাসের চাবি প্রদান করেন। ইহাছাড়া জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষকদের প্রতিনিধিদের নিকট প্রধানমন্ত্রী ২টি মিনিবাসের চাবি হস্তান্তর করেন। আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত এই গাড়ী হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নিকট তাহাদের, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম সম্পর্কে খোঁজ-খবর নেন।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, ডাক এবং টেলিযোগাযোগমন্ত্রী তরিকুল ইসলাম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফজলুর রহমান, সংস্থাপন প্রতিমন্ত্রী আমিনুল হক, ভূমি প্রতিমন্ত্রী কবির হোসেন, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র মিজানুর রহমান মিনু, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এবং ছাত্রদল নেতৃবৃন্দ এই সময় উপস্থিত ছিলেন।